তারিখ ... 15 JUL 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮

দৈনিক বাংলা

269

# ডাকসু নির্বাচন ঃ ২০ জুলাই মনোনয়নপত্র গ্রহণ

আগামী ৩১শে জুলাই অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন পরিচালনার জন্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক একেএম আবদুল আলীমকে চীফ রিটার্নিং অফিসার নিয়োজিত করা হয়েছে। এছাড়া, চীফ রিটার্নিং অফিসারের সহায়তা করার

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ডাকসু নির্বাচন

(প্রথম পৃষ্ঠার পর)

জন্য নয় সদস্যবিশিষ্ট একটি পরামর্শদাতা পর্ষদও গঠন করা হয়েছে। এ পর্ষদে রয়েছেন ঃ বাংলা বিভাগের অধ্যাপক এটিএম আনিসুজ্জামান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক মোঃ সুলতান হোসেন, ইতিহাস বিভাগের অধ্যাপক এম মোফাখখরুল ইসলাম, সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী, রসায়ন বিভাগের অধ্যাপক মোঃ মসিহুজ্জামান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক এসএমএ ফায়েজ, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক আবুল কালাম, পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ বদরুল আলম এবং রেজিস্ট্রার জনাব এ জেড শিকদার।

**ডাকসু নির্বাচনের বিস্তারিত সময়-সূচী ঘোষণা**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর ১৯৯১-৯২ শিক্ষা বর্ষের নির্বাচনের বিস্তারিত কর্মসূচী ঘোষণা করা হয়েছে।

ঘোষণা অনুযায়ী হল কর্তৃপক্ষ আগামী ১৫ই জুলাই বিকেল ৪টায় খসড়া ভোটার তালিকা, ১৭ই জুলাই বিকেল চারটায় চূড়ান্ত ভোটার তালিকা এবং ৩০শে জুলাই বিকেল টায় সম্পূরক ভোটার তালিকা প্রকাশ করবেন।

বিভিন্ন হলের প্রভোস্টের অফিস থেকে আগামী ১৬ই জুলাই বিকেল ৪টা থেকে ৫টা, ১৭ই জুলাই সকাল ১০টা থেকে বিকেল ৪টা, ১৮ই জুলাই সকাল ১০টা থেকে দুপুর ১২টা এবং ২০শে জুলাই সকাল ৮টা থেকে সকাল ১০টা পর্যন্ত মনোনয়নপত্র বিতরণ করা হবে। আগামী ২০শে জুলাই সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত যে কোন হলের ডাকসুর রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ করা হবে। হলের ডাকসু রিটার্নিং অফিসারগণ মনোনয়নপত্রসমূহ ঐ দিন বিকাল ১টার মধ্যে একটি সীলকৃত কভারে চীফ রিটার্নিং অফিসারের নিকট (উপ-চার্যের দফতর) জমা দিবেন। ২০শে জুলাই বিকেল ১টা থেকে প্রশাসনিক ভবনের সভাকক্ষে মনোনয়নপত্র বাছাই করা হবে এবং সকল হলের ডাকসু রিটার্নিং অফিসারগণকে বাছাইয়ের সময় ঐ দিন পর্যন্ত প্রস্তুতকৃত ভোটার তালিকাসহ উপস্থিত থাকতে হবে।

আগামী ২১শে জুলাই দুপুর ১২টায় বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে। প্রার্থী/প্রার্থিগণ আগামী ২৫শে জুলাই দুপুর ১২টার মধ্যে ডাকসুর চীফ রিটার্নিং অফিসারের কাছে (উপাচার্যের দফতর) ব্যক্তিগতভাবে লিখিত ও স্বাক্ষরকৃত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন। আগামী ২৫শে জুলাই বিকাল ৬টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

আগামী ৩১শে জুলাই সকাল ৮টা থেকে অপরাহ্ন ২টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। প্রতি হলে ভোট কেন্দ্র থাকবে এবং সংশ্লিষ্ট হলের ছাত্র/ছাত্রীবৃন্দ (আবাসিক-অনাবাসিক) স্ব স্ব হলের ভোট কেন্দ্রে নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদান করবে।

উপরোল্লিখিত ডাকসু নির্বাচন সংক্রান্ত সময়সূচী হল সংসদসমূহের নির্বাচনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, পরিচয়পত্র ছাড়া কাউকে ভোটদান করতে দেয়া হবে না। সকল ছাত্র/ছাত্রীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট হল কার্যালয় থেকে আগামী ৩০শে জুলাইর মধ্যে স্ব স্ব পরিচয়পত্র সংগ্রহ করতে হবে। আরও উল্লেখ্য, যে সমস্ত ছাত্র/ছাত্রী ২৫শে জুলাই ১৯৯১ তারিখের মধ্যে ভর্তি হবে না তাদের ভোটদানের অধিকার থাকবে না। খবর সংবাদ বিজ্ঞপ্তির।